# Times Today BD

অভিজিৎ মজুমদার | রাজশাহী | 07 May, 2025

নাটোরের প্রবীণ সাংবাদিক ও বীর মুক্তিযোদ্ধা নবীউর রহমান পিপলুকে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অফ অনার প্রদান শেষে জানাযা নামাজ অনুষ্ঠিত হয়।পরে শহরের গাড়ীখানা কেন্দ্রীয় কবরস্থানে মা-বাবার কবরের পাশে তাকে দাফন করা হয়।

বুধবার (০৭ মে) সকালে শহরের কান্দিভিটা এলাকার কেন্দ্রীয় ঈদগাহ মাঠে তার জানাযা নামাজ অনুষ্ঠিত হয়।জানাযার আগে প্রশাসনের পক্ষ থেকে বীর মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রীয় সম্মাননা প্রদান করা হয়।সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আক্তার জাহান সাথী সালাম গ্রহণ করেন।এ সময় উপস্থিত ছিলেন নাটোরের মুক্তিযোদ্ধা, গণমাধ্যমকর্মী, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দসহ সর্বস্তরের মানুষ

নবীউর রহমান পিপলু ব্লাড ক্যান্সার ও বোনম্যারো রোগে দীর্ঘদিন ধরে ভুগছিলেন। চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার (০৬ মে) ঢাকার এএমজেড হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৮ বছর।

১৯৫৭ সালের ১০ জানুয়ারি বগুড়ায় জন্ম নেওয়া নবীউর রহমান পিপলু ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।তিনি দেশের বিভিন্ন অঞ্চলে যুদ্ধ পরিচালনায় ভূমিকা রাখেন।

সাংবাদিকতা পেশায় দীর্ঘ সময় ধরে যুক্ত ছিলেন তিনি। একুশে টেলিভিশন ও দৈনিক সমকালের নাটোর প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেছেন।পাশাপাশি তিনি নাটোর ইউনিক প্রেসক্লাবের উপদেষ্টা হিসেবেও কাজ করেছেন।

তার মৃত্যুতে নাটোরসহ সাংবাদিক মহলে গভীর শোকের ছায়া নেমে এসেছে। বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ গভীর শোক প্রকাশ করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

সাংবাদিক রাষ্ট্রীয় মর্যাদা বীর মুক্তিযোদ্ধা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 16 July, 2025 23:51

URL: https://timestodaybd.com/rajshahi/7758072105